

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪০৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ বিতর সালাত ফর্য নয় মর্মে সপ্তম হাদীস

ذِكْرُ خَبَرٍ سَابِعٍ يَدُلُّ عَلَى أَنَّ الْوِتْرَ غير فرض

আরবী

2407 ـ أَخْبَرَنَا عَلِيُّ بْنُ أَحْمَدَ الْجُرْجَانِيُّ بِحَلَبَ قَالَ: حَدَّثَنَا نَصِرُ بْنُ عَلِيِّ الْجَهْضَمِيُّ حَدَّثَنَا نُوحُ بْنُ قَيْسٍ قَالَ: حَدَّثَنَا خَالِدُ بْنُ قَيْسٍ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ أَنَّ رَجُلًا قَالَ: يَا حَدَّثَنَا نُوحُ بْنُ قَيْسٍ قَالَ: (خَمْسُ صَلَوَاتٍ) قَالَ: هَلْ رَسُولَ اللَّهِ كَمِ افْتَرَضَ اللَّهُ عَلَى عِبَادِهِ مِنَ الصَّلَاةِ؟ قَالَ: (خَمْسُ صَلَوَاتٍ) قَالَ: هَلْ قَبْلَهُنَّ أَوْ بَعْدَهُنَّ شَيْءٌ؟ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (افْتَرَضَ اللَّهُ عَلَى عِبَادِهِ صلواتٍ خَمْسًا) قَالَ: فَحَلَفَ الرَّجُلُ بِاللَّهِ: لَا يَزِيدُ عَلَيْهِنَّ وَلَا يَنْقُصُ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إنْ صَدَقَ دَخَلَ الْجَنَّة)

الراوي: أنس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2407 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (2/ 4).

বাংলা

২৪০৭. আনাস বিন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আল্লাহ তাঁর বান্দাদের উপর কত ওয়াক্ত সালাত ফর্ম করেছেন?" জবাবে তিনি বলেন, "আল্লাহ তাঁর বান্দাদের উপর পাঁচ ওয়াক্ত সালাত ফর্ম করেছেন।" তখন লোকটি শপথ করে বললো যে, সে এর চেয়ে বেশিও করবে না, কমও করবে না।"

অতঃপর রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বলেন, "যদি সে সত্য বলে থাকে, তবে সে জান্নাতে প্রবেশ করবে।"[1]

ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ৩/২৬৭; নাসাঈ: ১/২২৮-২২৯; সহীহ মুসলিম: ১২; তিরমিযী: ৬১৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৭৯৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন